ইত্তেফাক

তারিখ ... 14/10/78 ...
পৃষ্ঠা ... 3 কলাম ... 1 ...

038

# ধর্মীয় বিষয় সংক্রান্ত মন্ত্রণালয় প্রতিষ্ঠার দাবী

( ইত্তেফাক রিপোর্ট )

বিশ্ব ইসলাম মিশন কোর-আনী সুন্নীর উদ্যোগে গত রবিবার দুপুরে ১২৫, লেক সার্কাসে (কলাবাগান) আহূত এক সাংবাদিক সম্মেলনে ধর্ম সংক্রান্ত বিষয়াদি দেখাশুনার জন্য একটি স্বতন্ত্র মন্ত্রণালয় গঠনের দাবী জানান হইয়াছে। সাংবাদিক সম্মেলনে মিশনের নেতৃবৃন্দ অভিযোগ করেন: '৭১ সন হইতে অদ্যাবধি প্রায় ৮০টি বিদেশী মিশনারী বিভিন্ন নামে ও অজুহাতে বাংলাদেশে কাজ করিয়া যাইতেছে। প্রায় দুই লক্ষ মুসলমানকে অন্য ধর্মে দীক্ষিত করা হইয়াছে। তাঁহারা আরও বলেন: "টঙ্গীর দত্তপাড়া

(৫ম পৃঃ দ্রঃ)

## ধর্মীয় বিষয় সংক্রান্ত

(৩য় পৃঃ পর)

বাস্তহারা ক্যাম্প, ডেমরার নিকট হুনপাড়া বাস্তহারা ক্যাম্প, ময়মনসিংহের মধুপুর জঙ্গল ও হালুয়াঘাট, খুলনার সুন্দরবন, চট্টগ্রামের বান্দরবনে এইসব মিশনারী যেভাবে কাজ করিতেছে তাহাতে আমাদের সন্দেহ, বাংলাদেশের অবস্থা একদিন লেবাননের আকার ধারণ করিবে।

সাংবাদিক সম্মেলনে বক্তব্য রাখেন মিশনের সভাপতি, সাধারণ সম্পাদক ও প্রাক্তন সাধারণ সম্পাদক।